**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 05-04-2026**
**Time: 07:55-0↵:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) ধর্মনগর বিধানসভা উপনির্বাচন এবং ঊনকোটি ও উত্তর জেলার এডিসি নির্বাচনে নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখলেন রাজ্য পুলিশের মহানির্দেশক অনুরাগ।**
**(২) আগামী রবিবার অনুষ্ঠেয় এডিসি নির্বাচনের প্রচার জমজমাট হয়ে উঠেছে।**
**(৩) ভারতীয় তেল সংশোধনাগারগুলিতে অপরিশোধিত তেলের মজুদ সন্তোষজনক রয়েছে – জানালেন কেন্দ্রীয় পেট্রোলিয়াম এবং প্রাকৃতিক গ্যাস মন্ত্রী হরদীপ সিং পুরী।**
**(৪) ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সুপার ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতায় শতদল সংঘ চ্যাম্পিয়ন।**

**********************************************************

**DGP North :**

রাজ্য পুলিশের মহানির্দেশক অনুরাগ আজ ধর্মনগরে জেলা পুলিশ সুপারের অফিসে এক উচ্চ পর্যায়ের বৈঠকে পৌরহিত্য করেন। ধর্মনগর বিধানসভা

কেন্দ্রের উপনির্বাচন এবং স্বশাসিত জেলা পরিষদের নির্বাচনের নিরাপত্তা ব্যবস্থা নিয়ে বৈঠকে পর্যালোচনা করা হয় | বৈঠকে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন উত্তর জেলার জেলাশাসক চাঁদনী চন্দ্রন, জেলার পুলিশ সুপার অবিনাশ রাই, ঊনকোটি জেলার পুলিশ সুপার সুধাম্বিকা আর এবং টি.এস.আর -এর দুই বাহিনীর কম্যান্টেন্ড সহ পুলিশের বিভিন্ন আধিকারিকরা৷ বৈঠক শেষে পুলিশের মহানির্দেশক সাংবাদিকদের জানান, নির্বাচন সুষ্ঠু এবং শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে পুলিশ প্রশাসন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছে | তিনি জানান, ধর্মনগরের বিধানসভা উপনির্বাচনে পর্যাপ্ত পরিমাণে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হয়েছে | প্রত্যেক বুথে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন থাকবে বলেও তিনি জানান |

**##### BYTE ##########**

****************************************

**ADC ELECTION :**

ত্রিপুরা স্বশাসিত জেলা পরিষদের সাধারণ নির্বাচন আগামী রবিবার ৷এই নির্বাচনের প্রচার জমজমাট হয়ে উঠেছে | বিভিন্ন দল প্রার্থীদের সমর্থনে মিছিল সমাবেশ এবং বাড়ি ঘরে প্রচারে অংশ নিচ্ছে | বিজেপি নেতা মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ কুলাই চাম্পাহাওর কেন্দ্রে বিজেপি প্রার্থী বিমল দেব্বর্মার সমর্থনে আমবাসার ফনিন্দ্র কিশোর পাড়া এস বি স্কুল মাঠে এক সমাবেশে বক্তব্য রাখেন | তিনি তাঁর ভাষণে বলেন, জনজাতিদের কল্যানে বাজেটের একটি উল্লেখযোগ্য অংশ ব্যয় করা হচ্ছে | সরকার জনজাতি অংশের মানুষের উন্নয়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছে৷

কৈলাসহরের জামতৈলবাড়ি এডিসি ভিলেজের ছাগলডেমা হাই স্কুল মাঠে তিপরা মথা দলের উদ্যোগে এক সভা অনুষ্ঠিত হয় | সমাবেশে দলের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান প্রদ্যোত কিশোর দেববর্মা বলেন, ত্রিপুরার উন্নতি ও রাজ্যবাসীর বিকাশ সাধনই তার দলের মূল লক্ষ্য | সমাবেশে দলীয় প্রার্থী ধীরেন্দ্র দেববর্মা সহ অন্যান্যরা উপস্থিতি ছিলেন |

এদিকে, কংগ্রেসের উদ্যোগে পেচারথলে এক সমাবেশ সভা অনুষ্ঠিত হয় | সমাবেশে বক্তব্য রাখেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা ও অন্যান্যরা |

শিলাছড়ি - মনুবনকুল আসনের সিপিআইএম প্রার্থীর সমর্থনে আজ বনকুল পুরান বাজারে মিছিল ও সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রাক্তন বিধায়ক প্রভাত চৌধুরী, প্রার্থী উঁচাথই মগ প্রমুখ বক্তব্য রাখেন।

পূর্ব-মুহুরীপুর-ভুরাতলি আসনের বিজেপি প্রার্থী অভিজিৎ ত্রিপুরার সমর্থনে বিজেপি দলের দক্ষিন জেলার সভাপতি দীপায়ন চৌধুরী ঋষ্যমুখ ব্লকের মোহিনীনগর ভিলেজের গোবিন্দ পাড়ায় এক নির্বাচনী সভায় বক্তব্য রাখেন।

********************

**BJP Menifesto :**

বিজেপি আজ এডিসি নির্বাচনের ইস্তেহার বা সংকল্প পত্র প্রকাশ করলো। আজ খুমুলুং-এ চোখেরেঙ হলে এই সংকল্প পত্র প্রকাশ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, বিজেপি রাজ্য সভাপতি তথা সাংসদ রাজীব ভট্টাচার্য, জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেব্বর্মা, শিল্প ও বাণিজ্য মন্ত্রী

সান্ত্বনা চাকমা, প্রাক্তন সাংসদ রেবতী ত্রিপুরা সহ অন্যান্য কার্যকর্তারা এই সংকল্প পত্রে ২৯ টি বিষয়ের উপর গুরুত্ব আরোপ করা হয়েছে |

নির্বাচনে জনসমর্থন পেলে ককবরক ভাষা এবং অন্যান্য সমস্ত জনজাতি ভাষাকে যথাযোগ্য মর্যাদা প্রদান করা হবে | জনজাতি সমাজের প্রথাগত আইন রীতিনীতি সংরক্ষণ এবং সামাজিক ন্যায় বিচারের জন্য কাস্টমারি কোড স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হবে| তাছাড়া, সমস্ত জনজাতি সমাজের কাস্টমারি ল` কার্যকরী করা হবে | সংকল্প পত্রে বলা হয়েছে, জনজাতি অধ্যুষিত অঞ্চলে ছাত্রীদের জন্যে প্রতিটি জেলায় একটি করে হোস্টেল তৈরী করা হবে | এছাড়া, ধলাইতে একটি অত্যাধুনিক মেডিক্যাল কলেজ স্থাপন করা হবে | জনজাতি মা ও বোনেদের স্বনির্ভর গোষ্ঠিকে আরো শক্তিশালী করা হবে এবং লাখপতি দিদির সংখ্যা বৃদ্ধিতে বিশেষ উদ্যোগ গ্রহণ করা হবে | বিজেপি`র নির্বাচনী সংকল্প পত্রে আরো বলা হয়, খুমুলুং -এ একটি আধুনিক ফুটবল একাডেমি স্থাপন করা হবে। এডিসি এলাকায় মার্শাল আর্টস একাডেমি গঠন করার উদ্যোগ নেওয়া হবে। এছাড়া, বাঁশ বেতের প্রশিক্ষণ এবং বিপণন কেন্দ্র স্থাপন করা হবে | মুখ্যমন্ত্রী রাবার মিশন প্রকল্পে জনজাতিদের রাবার চাষে সহায়তা করা হবে | জুমিয়া পরিবারগুলোকে আর্থিক, প্রযুক্তি ও উন্নত মানের বীজ, সার ইত্যাদি প্রদান করা হবে বলেও সংকল্প পত্রে বলা হয়েছে |

************************

## JANA BISWAS BILL :

জন বিশ্বাস (এমেন্ডমেন্ট অফ প্রভিসনস) বিল ২০২৬, গত ২রা এপ্রিল সংসদে পাশ হয়েছে | ২৩ টি মন্ত্রকের অধীনে থাকা ৭৯ টি কেন্দ্রীয় আইনের ৭৮৪ টি প্রভিশন – এই বিলে সংশোধন করা হয়েছে | ফেডারেশন অফ ইন্ডিয়ান

মাইক্রো, স্মল এন্ড মিডিয়াম এন্টার প্রাইসেস FISME এর পক্ষ থেকে এই সংশোধনীকে স্বাগত জানানো হয়েছে | FISME এর সেক্রেটারি জেনারেল অনিল ভরদ্বাজ আকাশবাণীর সংবাদ বিভাগকে দেওয়া এক সাক্ষাৎকারে জানান, এই সংশোধনী ক্ষুদ্র, অতি ক্ষুদ্র এবং মাঝারি উদ্যোক্তাদের জন্য আরো বেশি কার্যোপযোগী পরিবেশ তৈরী করবে | এই সংশোধনীতে ছোটখাটো অপরাধকে অনপরাধের পর্যায়ে আনা এবং কারাদন্ডের পরিবর্তে যথাযথ অসামরিক ক্ষতিপূরণের সংস্থান রাখায় উদ্যোক্তাদের মধ্যে ভীতিও কমবে বলে শ্রী ভরদ্বাজ জানান |

**********************

**CM North :**

ধর্মনগর বিধানসভা উপনির্বাচনের প্রচারে আজ ধর্মনগরের অর্ধেন্দু ভট্টাচার্য স্মৃতিভবনে এক সভা আয়োজিত হয় |

এদিকে, রাজ্য বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল আজ সন্ধ্যায় ধর্মনগর বিধানসভা উপনির্বাচনে বিজেপি দলের প্রার্থীর সমর্থনে ধর্মনগর থানা রোডে এক পথসভায় বক্তব্য রাখেন | উপস্থিত ছিলেন তপশিলি জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস |

*********************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

******************

**Hardip Singh Puri :**

কেন্দ্রীয় পেট্রোলিয়াম এবং প্রাকৃতিক গ্যাস মন্ত্রী হরদীপ সিং পুরি বলেছেন, ভারত, ইরান সহ 40 টি দেশ থেকে অপরিশোধিত তেল আমদানি করছে। তিনি আরো বলেন, ইরান থেকে অপরিশোধিত তেল ক্রয়ের ব্যাপারে কোন সমস্যা নেই। ইরান থেকে ভারতের দিকে আসা একটি অপরিশোধিত তেলের ট্যাঙ্কার চীনের দিকে ফিরিয়ে দেয়া হয়েছে বলে বিভিন্ন সামাজিক মাধ্যমে যে সংবাদ দেখানো হয়েছে, তিনি তা অস্বীকার করেন। মন্ত্রী জানান, পশ্চিম এশিয়ায় বর্তমান আমদানি সংকটের মাঝেও ভারতীয় তেল সংশোধনাগারগুলিতে ইরান সহ বিভিন্ন দেশ থেকে প্রয়োজনীয় আমদানিকৃত অপরিশোধিত তেলের মজুদ সন্তোষজনক রয়েছে |

*********************

**LPG :**

দেশে পেট্রোল ডিজেল এবং এলপিজির যোগান অব্যাহত রাখতে সরকার সব রকম প্রচেষ্টা চালাচ্ছে। কেন্দ্রীয় পেট্রোলিয়াম এবং প্রাকৃতিক গ্যাস মন্ত্রকের পক্ষ থেকে নাগরিকদের ডিজিটাল মুডে এলপিজি গ্যাস সিলিন্ডার বুক করার কথা বলা হয়েছে। মন্ত্রক থেকে জানানো হয়েছে যে, ২০২৬  সালের মার্চ মাস থেকে প্রায় তিন লক্ষ ষাট হাজার পিএনজি সংযোগের মাধ্যমে গ্যাস সংযোগ দেওয়া হয়েছে। মন্ত্রকের পক্ষ থেকে আরো জানানো হয় যে, সারাদেশে বন্দরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

*********************

**Assam rifles :**

Assam Rifles এর উদ্যোগে আজ আগরতলায় বিশেষভাবে সক্ষম শিশুদের জন্য একটি সচেতনতা কর্মশালা অনুষ্ঠিত হয়।

এই কর্মসূচিতে অসম রাইফেলসের জওয়ান, তাঁদের পরিবার, আগরতলা ও উদয়পুরের অসম রাইফেলস পাবলিক স্কুলের অভিভাবক ও শিক্ষকেরা অংশ নেন। এনজিও-র বিশেষজ্ঞরা শিশুদের বিকাশজনিত ও মানসিক সমস্যার প্রাথমিক লক্ষণ ও আচরণগত পরিবর্তন চিহ্নিত করার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন এই কর্মশালায় ।

**************************

## SUPER DIVISION CRICKET :

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সুপার ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতায় শতদল সংঘ চ্যাম্পিয়ন হয়েছে। আজ এম বি বি স্টেডিয়ামে আসরের শেষ খেলায় শতদল ২ উইকেটে জয়নগর ক্রিকেট ক্লাবকে পরাজিত করে। ফলে ১০ ম্যাচে ৩৪ পয়েন্ট নিয়ে চ্যাম্পিয়ন হয়। আসরে ব্লাডমাউথ ক্লাব রানার্স হয়। নরসিংগড়ের পিটিএ মাঠে অনুষ্ঠিত খেলায় ব্লাডমাউথ ক্লাব ৮ উইকেটে হার্ভে ক্লাবকে হারিয়ে দেয়। টিআইটি মাঠে অপর খেলায় স্ফুলিঙ্গ ক্লাবের কাছে ২৯৯ রানে হেরে সংহতি ক্লাবের অবনমন হয়। সংহতি আগামী মরশুমে প্রথম ডিভিশন খেলবে।

*********************

## KAJAL SMRITI FOOTBALL :

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত কাজল স্মৃতি ফুটবলের আজ একটি খেলা হয়। উমাকান্ত মিনি স্টেডিয়ামে সুধন্য দেববর্মা মেমোরিয়াল স্কুল ও আস্তাবল স্পোর্টস এন্ড কোচিং সেন্টারের খেলাটি ১-১ গোলে ড্র হয়। অপর খেলায় সুখময় স্কুল মাঠে না আসায় আসাম রাইফেলস স্কুল ওয়াকওভার পায়।

**********************

## Weather :

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব কটি জেলায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪. ৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.৬ ডিগ্রি

সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

******************

**********************